গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ**
ব্রাহ্মণবাড়িয়া।
www.bgmc.edu.bd
**EIIN Number: 103291**

তারিখ: ২০/০৫/২০২৪ খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

| | শাখা | জিপিএ | আসন সংখ্যা |
|---|---|---|---|
| **আবেদনের ন্যূনতম যোগ্যতা** | বিজ্ঞান | ৪.০০ | ১৭৫ |
| | মানবিক | ৩.৫০ | ৩৫০ |
| | ব্যবসায় শিক্ষা | ৩.৫০ | ৩০০ |

**অনলাইনে ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি**

◆ **২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজে ভর্তির আবেদনযোগ্য শিক্ষার্থী:** দেশের যেকোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২, ২০২৩ ও ২০২৪ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী। উল্লেখ্য, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ১৬/০৫/২০২৪ খ্রি. তারিখে জারিকৃত নীতিমালা অনুসরণ করা হবে।

◆ ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদেরকে শুধুমাত্র **Online** আবেদন করতে হবে।

◆ আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীকে একটি মোবাইল নম্বর ব্যবহার করতে হবে, যা তার **Contact Number** হিসেবে সকল যোগাযোগ ও আবেদনের জন্য বিবেচিত হবে এবং এ মোবাইল নম্বরটি পরিবর্তনযোগ্য নয়। উল্লেখ্য, ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর মোবাইল নম্বর ভিন্ন ভিন্ন হতে হবে।

◆ অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট: www.xiclassadmission.gov.bd; অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে।

◆ একজন শিক্ষার্থী যতগুলো কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য আবেদন করবে এর মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারিত হবে।

◆ **শাখা নির্বাচনের ক্ষেত্রে-** বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি; মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি নির্বাচন করতে পারবে।

◆ **আবেদনের তারিখ: ২৬/০৫/২০২৪ খ্রি. থেকে ১১/০৬/২০২৪ খ্রি. পর্যন্ত।**

**ভর্তির আবেদন, ফল প্রকাশ ও শ্রেণি কার্যক্রম (ক্লাস) শুরুর সময়সূচি:**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ০১ | ভর্তির জন্য **অনলাইনে আবেদন গ্রহণ** | ২৬/০৫/২০২৪ (রবিবার) থেকে ১১/০৬/২০২৪ খ্রি. (মঙ্গলবার) |
| ০২ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৬/২০২৪ (বুধবার) থেকে ১৩/০৬/২০২৪ (বৃহস্পতিবার) |
| ০৩ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের **ফল প্রকাশ** | ২৩/০৬/২০২৪ খ্রি. (রবিবার রাত ৮টায়) |
| ০৪ | শিক্ষার্থীর নির্বাচন **নিশ্চায়ন** (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে প্রথম পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফি'সহ আবেদন করতে হবে) | ফল প্রকাশের পর থেকে ২৯/০৬/২০২৪ (শনিবার) (রাত ৮.০০ টা পর্যন্ত) |
| ০৫ | ২য় পর্যায়ের আবেদন গ্রহণ | ৩০/০৬/২০২৪ (রবিবার) থেকে ০২/০৭/২০২৪ (মঙ্গলবার রাত ৮টা পর্যন্ত) |
| ০৬ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৪/০৭/২০২৪ (বৃহস্পতিবার রাত ৮টায়) |
| ০৭ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০৪/০৭/২০২৪ (বৃহস্পতিবার রাত ৮টায়) |
| ০৮ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফি'সহ আবেদন করতে হবে) | ০৫/০৭/২০২৪ (শুক্রবার) থেকে ০৮/০৭/২০২৪ (সোমবার রাত ৮টা পর্যন্ত) |
| ০৯ | ৩য় পর্যায়ের আবেদন গ্রহণ | ০৯/০৭/২০২৪ (মঙ্গলবার) থেকে ১০/০৭/২০২৪ (বুধবার) পর্যন্ত |
| ১০ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ১২/০৭/২০২৪ (শুক্রবার রাত ৮টায়) |
| ১১ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১২/০৭/২০২৪ (শুক্রবার রাত ৮টায়) |
| ১২ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | ১৩/০৭/২০২৪ (শনিবার) থেকে ১৪/০৭/২০২৪ (রবিবার) পর্যন্ত |
| **১৩** | **সশরীরে কলেজে ভর্তি** | **১৫/০৭/২০২৪ (সোমবার) থেকে ২৫/০৭/২০২৪ (বৃহস্পতিবার)** |
| ১৪ | শ্রেণি কার্যক্রম (ক্লাস) শুরুর তারিখ | ৩০ জুলাই, ২০২৪ (মঙ্গলবার) |

প্রতিস্বাক্ষর

(প্রফেসর এ. এস. এম. শফিকুল্লাহ-৩৭২১)
অধ্যক্ষ
ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ
ব্রাহ্মণবাড়িয়া।

(মোহাম্মদ শাহজালাল হীরা)
আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ
ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।